AQA

# GCSE
# BENGALI

**F**

Foundation Tier Paper 1 Listening Test Transcript

Monday 20 May 2019 Afternoon Time allowed: 35 minutes approximately (including 5 minutes' reading time before the test)

**FOR INVIGILATOR'S USE ONLY**

- **The pauses are pre-recorded for this test**.

This is what you should do for each item.

- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**.
- You must answer all the questions in the spaces provided. Do not write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **You must not ask questions or interrupt during the test***.
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now**.

Once the recording has started, the Invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

*If candidates ask any questions at this point, the Invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

## Section A

Questions and answers in **English**.

| 0 | 1 | **F2** আমাদের হোটেলে আপনাকে স্বাগতম। আপনার রুম নম্বর ছয়। আমাদের হোটেলে নাস্তা পরিবেশন করা হয় সকাল সাতটা থেকে দশটার মধ্যে। এর পরে এলে নাস্তা পাবেন না।

**0 2** **F2** হোটেল থেকে বের হলেই ডান দিকে আপনি পেয়ে যাবেন সাগর-তীর। বাঁ দিকে গেলে পাবেন সুইমিং পুল আর সোজা গেলে রেস্টুরেন্ট। ধন্যবাদ।

**0 3** **M1** 'মা দিবস' উপলক্ষে পারফিউমের দোকানে মূল্যহ্রাস। কম দামের পাশাপাশি বিশ পাউন্ড বা তার বেশি খরচ করলে একটি ব্যাগ বিনামূল্যে দেওয়া হচ্ছে। ধন্যবাদ।

**0 4** **F1** পরিবেশ রক্ষা করার জন্য তুমি কী করো নাহিন?
**M1** আমি খুব জোরে গান বাজাই না, জোরে গান বাজালে শব্দ দূষণ হয়।

**0 5** **F1** আর কী কী করো?
**M1** বিদ্যুতের খরচ কম হয় বলে আমি 'এনার্জি সেভিং' বাতি ব্যবহার করি।

**0 6** **M1** আর তুমি কী করো হালিমা?
**F1** আমি কখনই কাগজ নষ্ট করি না। অনলাইনে খবরের কাগজ পড়ি। কাগজ বানাতে গাছ কাটতে হয়। এতে পরিবেশের ক্ষতি হয়।

**Example:** **M2** তোমার অঙ্কের শিক্ষক লিখেছেন যে তুমি অঙ্কে বেশ ভালো করছো। সমস্যা সমাধানে তুমি হিসেবগুলো খুব ভালো বুঝতে পারো।

**0 7** **M2** জামিল, তোমার ইংরেজির শিক্ষক লিখেছেন এই টার্মে তুমি আরো খারাপ করেছো। এর কারণ হলো তুমি নিয়মিত হোমওয়ার্ক করো না।

**0 8** **M2** তোমার বাংলা লেসন ভালো হচ্ছে না। তোমার শিক্ষক মনে করেন বাংলায় লিখতে গেলে তোমার অনেক বানান ভুল হয়।

**0 9** **M2** তোমার ভূগোলের শিক্ষক তোমার ওপর বেশ খুশী। তিনি লিখেছেন যে তুমি খুব ভালো মানচিত্র আঁকতে পারো।

**1 0** **M1** আমার অপরাধীদের মন নিয়ে আগ্রহ খুব বেশি, তাই আমি একজন ক্রিমিনোলজিস্ট হতে চাই। আমার ইচ্ছে আমি ফরেনসিক ক্রিমিনোলজি পড়বো। এই পেশায় বিষয়টা কাজে লাগবে।
**F1** আমি পুলিশ হতে চাই। অনেক সময় পুলিশকে জীবনের ঝুঁকি নিয়ে গাড়ি চালাতে হয়। কিন্তু সবচেয়ে ভয়ের কারণ হলো অপরাধীদের মুখোমুখি হলে তাঁদের জীবনের উপর হামলা হয়।

**1 1** **M2** আমার মতে পঁচিশ বছর বয়সে বিয়ে করা ভালো। লেখাপড়া শেষে কাজ করে জীবনকে একটু গুছিয়ে নেওয়া যায়। বড়ো কথা হলো এই বয়সে বিয়ে করলে বাচ্চাদেরও সময়মতো বড়ো করে দেওয়া যায়।

**F2** আমিও মনে করি বিয়ের জন্য এটাই ঠিক বয়স। জমকালো বিয়ের অনুষ্ঠানে নানা রকমের খাবার দেওয়া হয়। অনেক টাকা খরচ হয়। এই টাকা বর-কনেকেই দিয়ে দেওয়া ভালো।

**1 2** **M1** আমরা কয়েকজন বন্ধু মিলে আলতাব আলী পার্কের শহীদ মিনারে ফুল দিতে যাবো।

**F2** একটি টিভি চ্যানেলে সুন্দর বাংলা হাতের লেখার প্রতিযোগিতা হচ্ছে। আমি সেই প্রতিযোগিতায় যাবো।

**M2** শহীদ মিনারে ফুল দিয়ে আমি ব্র্যাডি সেন্টারে যাবো। সেখানে আমি বাংলা কবিতা আবৃত্তি করবো।

**1 3** **F1** আচ্ছা নাসিম, তোমার কোন সোশ্যাল মিডিয়া অ্যাপ ভালো লাগে?

**M1** আমার পছন্দের অ্যাপ ফেইসবুক। যদিও আমি মাঝে মাঝে স্ন্যাপচ্যাট আর ইন্সটাগ্রাম ব্যবহার করি।

**1 4** **M1** তুমি কী করো সামিরা?

**F1** আমি আগে ফেইসবুকে ছবি আপলোড করতাম। তবে এখন বেশি সময় কাটে ইন্সটাগ্রামে ভিডিও পাঠিয়ে। ভাবছি আগামিতে মজার মজার ভিডিও বানিয়ে ইউট্যুবে আপলোড করবো।

**1 5** **F1** তুমি কী বলো নাবিল?

**M1** আমি সবগুলোই ব্যবহার করে দেখেছি। সময় কাটে। নতুন বন্ধু হয়। তবে পরিবারের সবাই মিলে সময় কাটানোই সবচেয়ে ভালো।

**1 6** **F1** ব্রিটেন আর বাংলাদেশের স্কুলগুলো কিছু কিছু ব্যাপারে আলাদা। বাংলাদেশের প্রায় সব সরকারি স্কুলগুলোতে দিনে দুই শিফ্‌টে ক্লাস চলে যা ব্রিটেনের স্কুলগুলোতে দেখা যায় না। দেশে প্রাইমারি স্কুলগুলো পঞ্চম শ্রেণি পর্যন্ত। স্কুলবর্ষ শুরু হয় জানুয়ারি মাস থেকে, চলে ডিসেম্বর পর্যন্ত।

**1 7** **M2** সবাইকে ভালো একটি ফলাফলের জন্য চাপের মধ্যে থাকতে হয়। পরীক্ষায় পাশ করতে না পারলে একই ইয়ারে আবারও পড়তে হয়। পরীক্ষায় ভালো না করলে লেখাপড়া শেষে একটি ভালো কাজ পাওয়া খুব কষ্টের।

**1 8** **F1** গরীব ছেলে-মেয়েদের খালি পায়ে স্কুলে যেতে দেখলে খুব খারাপ লাগে। খুব ইচ্ছে হয় এদের জন্য যদি কিছু করা যেতো! এদের সাহায্য করার জন্য কোনও চ্যারিটি আছে কি?

**M2** হ্যাঁ, শুনেছি এক বিশেষ ধরনের জুতা চীন ও ইথিওপিয়ায় তৈরি করা হয়। এর বিতরণ প্রথম শুরু হয় কেনিয়াতে। সবচেয়ে বড় সুবিধা হলো বিনামূল্যের এই জুতাগুলো পা বড় হওয়ার সাথে সাথে পাঁচটি সাইজে বাড়ানো যায়।

Turn over ▶

**1 9** **F2** জিসিএসই-এর পর আমি এপ্রেন্টিসশিপ করবো বলে ঠিক করেছি। কাজ শেখার পাশাপাশি টাকা আয় করা যাবে। চাকরি পাওয়াটাও সহজ হবে। চাকরি পাওয়ার আগেই কাজের পরিবেশ সম্পর্কে জানতে পারবো। এতে আমার কাজের অভিজ্ঞতাও হয়ে যাবে। একসাথে কাজ আর লেখাপড়া তখন একঘেয়ে লাগবে না।

**2 0** **F2** আমি নার্সারিতে কাজ শিখবো। ছোট ছোট ছেলেমেয়েদের সাথে কথা বলতে আমার ভালো লাগে। আমি মজা করে কথা বলতে পারি। ওরা এতে খুব মজা পায়। ছেলেমেয়েদের অসংখ্য প্রশ্নের উত্তর দিতে আমি মোটেই বিরক্ত হই না। যদিও আমি গান গাইতে পারি না।

## Section B

Questions and answers in **Bengali**.

**2 1** **F1** আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। মেঘলা হওয়ার কোনও সম্ভাবনা নেই। যদিও সারাদিন রোদ থাকবে তবে ততোটা গরম পড়বে না।

**2 2** **F1** শনিবারে মেঘলা থাকলেও বৃষ্টি হবে না। সারাদিন আংশিক রোদের দেখা পাওয়া যাবে।

**2 3** **F2** আপনাদের মনোযোগ আকর্ষণ করছি। বাংলা মেলা উপলক্ষে রবিবার ১৩ই মে বেথনাল গ্রিন সড়কে বাস চলাচল বন্ধ থাকবে। বিকল্প রুটের জন্য টি এফ এল ওয়েবসাইট দেখুন।

**M2** আপনাদের মনোযোগ আকর্ষণ করছি। আগামী ৪ অক্টোবর ভিক্টোরিয়া পার্কে সন্ধ্যা ৭টায় 'ফায়ারওয়ার্কস' প্রদর্শিত হবে। প্রদর্শনীতে সাথে আনা যাবে না এমন জিনিসের তালিকা জানতে 'টাওয়ার হ্যামলেটস কাউন্সিল'-এর ওয়েবসাইট দেখুন।

**2 4** **F2** আগে আমি খুব ফেইসবুক ব্যবহার করতাম। বন্ধুদের লেখায় 'লাইক' দিতাম। ছবি আপলোড করতাম। এখন খুব একটা ব্যবহার করতে চাই না। সোশ্যাল নেটওয়ার্কিং না করলে আমি রাতে সময়মত ঘুমাতে পারবো আর সকালে ঘুম থেকে উঠতেও দেরি হবে না। বন্ধুদের সাথে বাইরে খেলার অনেক সময় পাবো।

**2 5** **M1** আমাদেরকে শিক্ষাসফরে যাওয়ার ব্যাপারে তথ্য দিন। আমরা কোনো একটি ঐতিহাসিক স্থান দেখতে যেতে চাই। স্কুল থেকে তিরিশ জনের একটি দল যেতে চাই।

**2 6** **M1** কাছাকাছি শান্ত ও নিরিবিলি রেস্তোরাঁ আর ইয়ুথ হস্টেল থাকলে ভালো হয়। তবে ভালো যানবাহনের ব্যবস্থা থাকতেই হবে।

**END OF TEST**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**Copyright information**

For confidentiality purposes, from the November 2015 examination series, acknowledgements of third-party copyright material are published in a separate booklet rather than including them on the examination paper or support materials. This booklet is published after each examination series and is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team, AQA, Stag Hill House, Guildford, GU2 7XJ.

Copyright © 2019 AQA and its licensors. All rights reserved.